

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪১৪৮  
আগরতলা, ৪ ডিসেম্বর, ২০২৫

স্টকহোমে সুইডিশ ইনসিটিউট অব ইন্টারন্যাশনাল অ্যাফেয়ার্স-এ ভাষণ প্রদান করলেন  
মুখ্যনির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার  
আন্তর্জাতিক আই.ডি.ই.এ.স সদস্য রাষ্ট্রসমূহের পরিষদের চেয়ারম্যান হিসেবে দায়িত্বভার গ্রহণ

ভারতের প্রধান নির্বাচন কমিশনার (সি.ই.সি.) জ্ঞানেশ কুমার আজ সুইডেনের স্টকহোমে সুইডিশ ইনসিটিউট অব ইন্টারন্যাশনাল অ্যাফেয়ার্স (UI)-এ 'Inside India's Democracy' শীর্ষক একটি রাউন্ড-টেবিল আলোচনায় বক্তব্য রাখেন। সুইডেনের সাবেক পররাষ্ট্রমন্ত্রী মিস অ্যান লিন্ডে আলোচনার অপর বক্তা ছিলেন।

সি.ই.সি. জ্ঞানেশ কুমার গতকাল ২০২৬ সালের জন্য ইন্টারন্যাশনাল ইনসিটিউট ফর ডেমোক্রেসি এন্ড ইলেক্টোরাল অ্যাসিস্ট্যান্স (ইন্টারন্যাশনাল আই.ডি.ই.এ.)-এর সদস্য রাষ্ট্রসমূহের পরিষদের চেয়ারম্যান হিসেবে দায়িত্ব গ্রহণ করেন। তিনি আজ সুইডেনের সরকারি সফর শেষে দেশে ফিরবেন।

ভারতের এই চেয়ারম্যানশিপ একটি গুরুত্বপূর্ণ মাইলফলক, যা বিশ্বের সবচেয়ে নির্ভরযোগ্য ও উত্তাবনী নির্বাচন ব্যবস্থাপনা সংস্থাগুলির (ই.এম.বি.এস.) মধ্যে ভারতের নির্বাচন কমিশনের বৈশ্বিক স্বীকৃতিকে প্রতিফলিত করে। ইন্টারন্যাশনাল আই.ডি.ই.এ.-র প্রতিষ্ঠাতা সদস্য হিসেবে ভারত বরাবরই সংস্কার পরিচালনা, গণতান্ত্রিক আলোচনা এবং প্রাতিষ্ঠানিক উদ্যোগে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে।

স্টকহোমে পৌঁছালে ভারতের সুইডেনস্থ রাষ্ট্রদূত অনুরাগ ভূষণের পক্ষ থেকে সি.ই.সি. জ্ঞানেশ কুমারকে স্বাগত জানানো হয়। তিনি ইন্টারন্যাশনাল আই.ডি.ই.এ.-র সেক্রেটোরি জেনারেল ড. কেভিন কাসাস-জামোরার সঙ্গে আলোচনায় অংশ নেন।

স্টকহোমে তার অভিষেক বক্তৃতায় সি.ই.সি. কুমার ভারতের গণতান্ত্রিক পরিসরের ব্যাপকতার কথা তুলে ধরেন। তিনি উল্লেখ করেন যে, ভারতে ২৮টি রাজ্য ও ৮টি কেন্দ্রশাসিত অঞ্চলে ৯০০ মিলিয়নের বেশি ভোটার রয়েছে।

২০২৪ সালের সাধারণ নির্বাচনের প্রসঙ্গ উল্লেখ করে তিনি জানান, ভারতে এক অনন্য গণতান্ত্রিক মহোৎসব অনুষ্ঠিত হয়েছিল, যেখানে ৭৪৩টি রাজনৈতিক দলের ২০,০০০-এর বেশি প্রার্থী অংশগ্রহণ করেছিলেন; যার মধ্যে ৬টি জাতীয় দল ও ৬৭টি রাজ্য দল অন্তর্ভুক্ত ছিল। এছাড়া ১ মিলিয়নের বেশি বুথ লেভেল অফিসারসহ মোট ২০ মিলিয়নেরও বেশি নির্বাচন কর্মী নির্বাচনী কাজে নিয়োজিত ছিলেন।

স্বাধীনতার পর ১৯৪৭ সাল থেকে ভারত ১৮টি লোকসভা নির্বাচন এবং ৪০০-র বেশি বিধানসভা সাধারণ নির্বাচন সম্পন্ন করেছে উল্লেখ করে সি.ই.সি. বলেন, বিশ্বের বৃহত্তম, সর্বাধিক বৈচিত্র্যময় ও অন্তর্ভুক্তিমূলক আধুনিক গণতন্ত্র হিসেবে ভারত শুধু অভিজ্ঞতা নয়, ভারতের সভ্যতাগত ঐতিহ্যে নিহিত গণতান্ত্রিক মূল্যবোধ ও নীতিগুলি বিশ্ববাসীর সঙ্গে ভাগ করে নিতে আগ্রহী।

ভবিষ্যৎ দিকনির্দেশনা তুলে ধরে সি.ই.সি. অঙ্গীকার করেন যে ভারতের চেয়ারম্যানশিপ হবে দৃঢ়, উচ্চাকাঙ্ক্ষী এবং কর্মমুখী। চেয়ারম্যান হিসেবে জ্ঞানেশ কুমার এই মেয়াদে ভারতের মূল থিম- "Democracy for inclusive, peaceful, resilient and sustainable world" এর ভিত্তিতে পরিষদের কার্যক্রম পরিচালনা করবেন এবং দুটি মূল স্তরের ওপর গুরুত্ব দেবেন-

ভবিষ্যতের জন্য গণতন্ত্রের পুনঃকল্পনা

টেকসই গণতন্ত্রের জন্য স্বাধীন ও পেশাদার নির্বাচন ব্যবস্থাপনা সংস্থা

তার অভিযেক ভাষণ শেষে তিনি বলেন যে ভারত নিশ্চিত করবে- প্রতিটি ভোট গণ্য হবে, প্রতিটি কর্তৃপক্ষের গুরুত্ব পাবে এবং বিশ্বব্যাপী গণতন্ত্র আরও অন্তর্ভুক্তিমূলক, শান্তিপূর্ণ, সক্ষম ও টেকসই হয়ে উঠবে।

ভারতের সঙ্গে ২০২৬ সালের জন্য ইন্টারন্যাশনাল আই.ডি.ই.এ. পরিষদের ভাইস-চেয়ার হিসেবে দায়িত্ব গ্রহণ করবে মরিশাস ও মেঞ্চিকো। রাজ্যের মুখ্য নির্বাচন আধিকারিকের কার্যালয় থেকে এক বিরুতিতে এই তথ্য জানানো হয়েছে।

\*\*\*\*\*